দৈনিক বাংলা

তারিখ 27 MAY 1992
পৃষ্ঠা 4 কলাম 1

১০৬

106

# প্রাথমিক বিদ্যালয়ের সিলেবাস

দেশের প্রায় প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে সব কটি পাঠ্য বই–এর সিলেবাস দেয়া হয়েছে। এ সিলেবাস ছাত্র–ছাত্রীদেরকে বাধ্যতামূলকভাবে ক্রয় করতে হয়েছে। প্রতি কপি সিলেবাসের দাম পাঁচ টাকা। কিন্তু সিলেবাস বইটি সরকার অনুমোদিত বা বোর্ডের নয়। এটি জেলা শিক্ষক সমিতি কর্তৃক প্রকাশিত। এতে প্রথম সাময়িকী পরীক্ষা থেকে বার্ষিক পরীক্ষা পর্যন্ত পাঠ্য লিপিবদ্ধ করা হয়েছে এবং কোন কোন তারিখে কি কি বিষয় পড়ানো হবে তাও উল্লেখ করা হয়েছে। আমি একজন ছাত্রের অভিভাবক। সিলেবাসটি পড়ে আমার ভালোই লাগলো। কিন্তু দুঃখের সাথে আমি লক্ষ্য করছি যে, সিলেবাস অনুযায়ী আমার ছেলে বা ছাত্র–ছাত্রীদেরকে কোন দিনই ক্লাসে পড়ানো হচ্ছে না। শুধু তাই নয়। প্রথম সাময়িকী পরীক্ষায় দেখা গেছে প্রশ্ন দেয়া হয়েছে বার্ষিকী পরীক্ষার। এখানে আমি বিশেষ করে দ্বিতীয় শ্রেণীর অংক পরীক্ষার প্রশ্নের কথা বলছি। সিলেবাসে উল্লেখ করা হয়েছে দ্বিতীয় শ্রেণীর প্রথম সাময়িকী পরীক্ষায় প্রশ্ন থাকবে প্রাথমিক গণিত বইয়ের প্রথম প্রশ্ন থেকে প্রশ্নমালা ৪ পর্যন্ত। কিন্তু তার পরিবর্তে প্রশ্ন দেওয়া হয়েছে প্রশ্নমালা ১৬–এর অংক এবং পাঠ্য বইয়ে নেই এমন কিছু অংক থেকে। এটা যে দ্বিতীয় শ্রেণীর কচি ছেলে মেয়েদের জন্য কিরূপ কঠিন এবং বিভ্রান্তিকর তা সহজেই অনুমেয়। কিন্তু ঐ সিলেবাস বই–এর তা হলে মূল্য কি? বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আশা করি ভেবে দেখবেন এবং যে সিলেবাস অনুযায়ী ক্লাসে পড়ানো হবে না, পরীক্ষার প্রশ্ন পত্র দেওয়া হবে না কথিত শিক্ষক সমিতির নামে প্রকাশিত সে সিলেবাস বই প্রত্যাহার বা নিষিদ্ধ করে বাধ্যতামূলকভাবে এটি কেনার ক্ষতি থেকে অভিভাবকদের রক্ষা করবেন।

আবদুর রহমান
মতিঝিল, ঢাকা।